যানবাহনের ব্যবস্থা নিম্নরূপ হবে।

| ক্র. | প্রতিষ্ঠানের নাম | ১৪-১২-২০২৫ | ১৬-১২-২০২৫ |
|---|---|---|---|
| ১ | প্রক্টর অফিস (সহকারী প্রক্টরবৃন্দ) | ১ টি মাইক্রোবাস | ১ টি মাইক্রোবাস |
| ২. | লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট | ১ টি বাস | ১ টি বাস |
| ৩. | ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) | ১ টি বাস | ১ টি বাস |
| ৪. | ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন | ১ টি মাইক্রোবাস | ১ টি মাইক্রোবাস |
| ৫. | ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন | ১ টি বাস | ১টি বাস |
| ৬. | ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি | ১ টি বাস | ১টি বাস |
| ৭. | ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরী কর্মচারী সমিতি | ১ টি বাস | ১টি বাস |
| ৮. | ঢাকা বিশ্ববিদ্যালয় চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন | ১ টি বাস | ১টি বাস |
| ৯. | মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড | ১ টি মিনিবাস | ১টি মিনিবাস |
| ১০. | ঢাকা বিশ্ববিদ্যালয় শহিদ পরিবার কল্যাণ সমিতি | ১ টি বিশ্ববিদ্যালয় বাস | ১টি বিশ্ববিদ্যালয় বাস |
| ১১. | স্বেচ্ছাসেবক টিম | ১ টি বিশ্ববিদ্যালয় বাস | ১টি বিশ্ববিদ্যালয় বাস |

১৪ এবং ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখের কর্মসূচির জন্য যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন **পরিবহন ম্যানেজার**। হল/হোস্টেলের প্রাধ্যক্ষ/ওয়ার্ডেনবৃন্দ স্ব-স্ব হল/ হোস্টেলের ছাত্র সংসদের সাথে আলোচনাপূর্বক প্রয়োজন অনুযায়ী চাহিদা পরিবহন ম্যানেজারকে অবহিত করবেন এবং তিনি সে অনুযায়ী প্রতিটি হল/হোস্টেলে যানবাহন বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। রেজিস্ট্রার মহোদয় বিষয়টি সমন্বয় করবেন।

বিশেষ দ্রষ্টব্য:

| শহিদ বুদ্ধিজীবী দিবসের ব্যানার হবে | মহান বিজয় দিবসের ব্যানার হবে |
|---|---|
| কালো কাপড়ের উপর সাদা রঙের লেখা। | লাল কাপড়ের উপর সাদা রঙের লেখা। |
| (বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম) | (বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম) |
| শহিদ বুদ্ধিজীবী দিবস | মহান বিজয় দিবস |
| ..............................হল/সংগঠনের নাম | ..............................হল/সংগঠনের নাম |
| ঢাকা বিশ্ববিদ্যালয় | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| (ব্যানারের পরিমাপ: ৯ ফুট × ৩ ফুট) | (ব্যানারের পরিমাপ: ৯ ফুট × ৩ ফুট) |

**ব্যানারের ডিজাইনের সফট কপি যথাসময়ে সংশ্লিষ্টদের নিকট প্রেরণ করা হবে।**

(১) হল/হোস্টেলসমূহ তাদের সুবিধাজনক স্থান থেকে বাস ছাড়তে পারবে তবে, সকল বাস অবশ্যই সকাল ৬:৩৫ মিনিটের মধ্যে ক্যাম্পাস ছেড়ে যাবে।

(২) উক্ত কর্মসূচিসমূহে অংশগ্রহণের জন্য ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে অনুরোধ করা যাচ্ছে।

(৩) শহিদ বুদ্ধিজীবী দিবস এবং মহান বিজয় দিবসের কর্মসূচি উপলক্ষে যথাসময়ে অপরাজেয় বাংলা, বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে অন্যান্য ভাস্কর্যসমূহসহ উক্ত চত্বর এবং বিশ্ববিদ্যালয় এলাকায় নির্মিত সকল স্মৃতিসৌধ পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **প্রধান প্রকৌশলী ও এস্টেট ম্যানেজার**-কে অনুরোধ করা হলো।

(৪) ১৫-১২-২০২৫ এবং ১৬-১২-২০২৫ তারিখে সন্ধ্যা থেকে কলা ভবন, কার্জন হল, ছাত্র-শিক্ষক কেন্দ্র ও স্মৃতি চিরন্তন-এ আলোকসজ্জার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন প্রধান প্রকৌশলী। অনুষদ/হল/বিভাগ/ইনস্টিটিউট/ অন্যান্যরা চাইলে নিজস্ব ব্যবস্থাপনায় আলোকসজ্জা করতে পারবে। ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ কোন আলোকসজ্জা থাকবে না।

(৫) ১৬-১২-২০২৫ তারিখে ছাত্র-শিক্ষক কেন্দ্রে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য **বাঁধন**-এর সভাপতি ও সাধারণ সম্পাদক-কে অনুরোধ করা হলো।

(৬) আবাসিক হলসমূহে প্রাধ্যক্ষ কর্তৃক শহিদ বুদ্ধিজীবী ও মহান স্বাধীনতা যুদ্ধের চিত্র প্রদর্শনী /চলচিত্র প্রদর্শনী /প্রামাণ্য চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(৭) শহিদ বুদ্ধিজীবী দিবস (১৪-১২-২০২৫) এবং মহান বিজয় দিবস (১৬-১২-২০২৫) উপলক্ষে বিশ্ববিদ্যালয় এলাকায় বিভিন্ন স্থানে, জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের সময় ও আলোচনা সভায় ছাত্র-শিক্ষক কেন্দ্রে শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংখ্যক বি এন সি সি, রোভার স্কাউট ও রেঞ্জার ইউনিট-এর সদস্য রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রক্টর, ঢা: বি: এবং কন্টিনজেন্ট কমান্ডার, বিএনসিসি, ঢাকা বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্ট-কে অনুরোধ করা হলো। বি এন সি সি, রোভার স্কাউট ও রেঞ্জার ইউনিট-এর সদস্যদের কোথায়, কখন, কয়জন করে থাকতে হবে এবং সদস্য সংখ্যা বাড়ানোর বিষয়ে প্রক্টর মহোদয়ের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কন্টিনজেন্ট কমান্ডার, বিএনসিসি, ঢাকা বিশ্ববিদ্যালয় কন্টিনজেন্ট-কে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/- ০৪/১২/২০২৫ ইং
**অধ্যাপক নিয়াজ আহমদ খান,** পিএইচ.ডি
উপাচার্য
ঢাকা বিশ্ববিদ্যালয়